



Food and Agriculture
Organization of the
United Nations

‘ফল আর্মিওয়ার্ম’ পোকার নজরদারির জন্য ফেরোমন ফাঁদ

ভুট্টা ধ্বংসকারী ‘ফল আর্মিওয়ার্ম’ পোকার বাংলাদেশে সাম্প্রতিককালে সংক্রমণ ঘটেছে। এ পোকা ভুট্টার পাতা, দানা এমনকি কাণ্ড খেয়ে প্রচুর ক্ষতি করে থাকে। এ পোকা আক্রমণ করে ভুট্টা, তুলা, বাদাম এবং ধানসহ প্রায় ৮০ ধরনের ফসলে। এদের আক্রমণ হতে রক্ষা পেতে প্রাথমিক অবস্থায় পোকা চিহ্নিত করা জরুরী। অন্যান্য ল্যাডা পোকার চেয়ে ভয়ঙ্কর এই ফল আর্মিওয়ার্ম পোকা। বাংলাদেশের আবহাওয়া এ পোকার বংশ বিস্তারে খুবই উপযোগী এবং এক মাসের মধ্যেই পরবর্তী জেনারেশনে পৌঁছে যায়।

ফেরোমন ফাঁদ

পোকাটির কীড়া পর্যায় ফসলের জন্য ক্ষতিকারক, তবে কীড়া আসার আগেই পতঙ্গ পর্যায় উপস্থিত হয় যা ফেরোমন ফাঁদ-এর মাধ্যমে নিরূপণ করে এদের আক্রমণের সম্ভাবনা আগাম মূল্যায়ন করা সম্ভব। ফেরোমন লিউর পুরুষ পতঙ্গকে আকর্ষণ করে যা পতঙ্গ নজরদারির একটি সহজ ও কার্যকরী পদ্ধতি।

পাশের ছবিতে প্রদর্শিত প্লাস্টিকের তৈরি ফেরোমন ফাঁদটি বিরূপ আবহাওয়া প্রতিরোধী ও টেকসই যা সহজে স্থাপনযোগ্য। ফাঁদটি ফসল মৌসুমের প্রথম থেকে শেষ পর্যন্ত ব্যবহার করা যায়।



@Dr. Mohammad Shaef Ullah


সাধারণত পর্যবেক্ষণের জন্য প্রতি ২ হেক্টরে ১ টি ফাঁদ ব্যবহারই যথেষ্ট। তবে পোকা দমনের জন্য আক্রমণের মাত্রা অনুযায়ী প্রতি হেক্টরে ৫ থেকে ১৫ টি ফাঁদ ব্যবহার করতে হয়।

কিলিং স্ট্রিপ ব্যবহারের নিয়ম

প্রথমে কিলিং স্ট্রিপের বাহিরের আবরণ সরিয়ে ফেলতে হবে। অতঃপর ফাঁদ সেট করার আগেই ট্রাপের ভিতরে নিচের অংশে কিলিং স্ট্রিপটি রাখতে হবে।

এই কিলিং স্ট্রিপটি শুকনা অবস্থায় ব্যবহার করতে হয়। সাধারণ তাপমাত্রায় ১০ সপ্তাহ পর্যন্ত একটি কিলিং স্ট্রিপ কার্যকর থাকে। যদি তাপমাত্রা বেশি থাকে তবে ৮ সপ্তাহ পর্যন্ত কার্যকর থাকে।

ফেরোমন লিউর ও কিলিং স্ট্রিপ একই সময়ে প্রয়োগ করতে হয় এবং একই সময়ে পরিবর্তন করার জন্য উপযোগী।



@Dr. Mohammad Shaef Ullah

কারিগরী সহযোগিতায়ঃ ড. মোহাম্মদ সাইফুল্লাহ এবং ড. খন্দকার শরিফুল ইসলাম

অর্থায়নেঃ জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা, সহযোগিতায়ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

ফল আর্মিওয়ার্ম পোকার আক্রমণ দেখা দিলে নিকটস্থ
উদ্বৃত্তকারী কৃষি কর্মকর্তার সাথে অথবা উপজেলা কৃষি
অফিসে যোগাযোগ করুন।